

আপনার সাধের বাজারের মতো হালমাক গহনা

Sylvanphy কলকাতা ও শহরতলি

মাধ্যমিকে শীর্ষে বাঁকুড়ার মেয়ে অথৈষা

৬৯০ পেয়ে রেকর্ড • মেধা তালিকায় প্রথম দশে ৬৮ জন • বাঁকুড়ার ১৬, কলকাতার ৫

প্রথম ৬৯০, অথৈষা পাইন • বাঁকুড়া, দ্বিতীয় ৬৮৯, মোজাম্মেল হক • বাঁকুড়া, তৃতীয় ৬৮৮, দীপ্তেশ পাল • বীরভূম



মাধ্যমিক পরীক্ষার ফল প্রকাশের পর কলকাতার একটি স্কুলে কৃতী ছাত্রীরা উৎসবের মেজাজে মনহরণের তোলা পিটিআইয়ের ছবি।

পাশের হারের নিরিখে বিভিন্ন জেলা, প্রথম পূর্ব মেদিনীপুর ৯৬.০৬ শতাংশ। দ্বিতীয় স্থানে দক্ষিণ ২৪ পরগনা। ৯০.৫৪ শতাংশ • পশ্চিম মেদিনীপুরে ৯০.১৮ শতাংশ • কলকাতার পাশের হার ৮৮.৯৩ শতাংশ • উত্তর ২৪ পরগনা ৮৯.০৮ শতাংশ • হুগলি ৮৮.১০ শতাংশ • হাওড়া ৮৭.৮০ • নদীয়ার পাশের হার ৮২.৩০ শতাংশ।

পারত এদিকে, ছোট প্রসঙ্গ কারণে ইতিহাস-ভূগোল, ইংরেজি এবং বাংলায় ব্যাপক হারে 'এএ' গ্রেড পেয়েছে পড়ার। কিন্তু বিজ্ঞান বিভাগে এক ধাক্কা অমেকটাই নেমে এসেছে 'এএ' গ্রেডের সংখ্যা।

সংক্ষেপে

হত হিজবুল কমান্ডার সবজার আহমেদ

শনিবার নিরাপত্তারক্ষীদের সঙ্গে সংঘর্ষে নিহত হল হিজবুল মুজাহিদিন কমান্ডার তথা বুরহান ওয়ানির উত্তরসূরি সবজার আহমেদ ভাট। গত বছর ৮ জুলাই কাশ্মীর উপত্যকায় নিরাপত্তারক্ষীদের সঙ্গে সংঘর্ষে গ্রাণ হারিয়েছিলেন হিজবুল কমান্ডার বুরহান ওয়ানি। তারপর এই নিষিদ্ধ জঙ্গি সংগঠনের দায়িত্ব ছিল সবজার আহমেদের উপরই। ... পৃঃ ৭

মোদির সঙ্গে বৈঠক নীতীশ কুমারের

নীতীশ কুমার রহস্য জিইয়ে রাখলেন। গতকাল রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে বিরোধীদের বৈঠকে তিন আসেননি। যা নিয়ে জল্পনা তুলে। আজ নীতীশ কুমার দিল্লি এসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে বৈঠক করেন। ... পৃঃ ৪

ফেসবুক ফলোয়ারের সংখ্যা শীর্ষে মোদি

ফেসবুকে বিশ্বের সবথেকে বেশি ফলোয়ার থাকা রাষ্ট্রনেতা হিসেবে চিহ্নিত হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। মোদি যখন প্রধানমন্ত্রী হল, তখন ফলোয়ার ছিল ১ কোটি ৪০ লক্ষ। সেই সংখ্যা এখন বেড়ে হয়েছে ৪ কোটি ১৯ লক্ষ। ... পৃঃ ১২

বর্ষপূর্তি উৎসব মঞ্চে নয়া বাংলা গড়ার ডাক মমতার

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: গত ছ'বছরের সাফল্যের খতিয়ান তুলে ধরে নতুন গর্বের বাংলা গড়ার ডাক দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দোপাধ্যায়। সেই সঙ্গে তাঁর দ্বিতীয় সরকারের বর্ষপূর্তিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কটাক্ষ করে তিনি বলেন, আমরা দামামা বাজিয়ে, বুনবনি বাজিয়ে, জাঁকজমক করে বর্ষপূর্তি করি না। আমরা বর্ষপূর্তিতে যেমন মানুষের প্রাণ বাঁচানোর জন্য রক্তদান করি, তেমনি এদিন রাজসভার তৃণমূল সস্পেন্দ সদস্যের তহবিল থেকে ৫৩টি অ্যান্থ্রাক্স প্রদান করা হল। অন্যরা পুলিশকে মেরে রক্ত বরায়, আমরা রক্তদান করি। ২০ মে থেকে ২৭ মে পর্যন্ত ১৬ হাজার পুলিশ রক্ত দিয়েছে। আজ থেকে ১০ জুন পর্যন্ত ৫০ হাজার তৃণমূল কর্মী গ্রীষ্মকালীন রক্তসংকট মেটাতে রক্তদান করবেন। এদিনও নবামে ১১৬ জন সরকারি কর্মচারী রক্তদান করেছেন।

রাজ্যে ১,৮৬৩ জন ভুয়ো ডাক্তার, জানাল কাউন্সিল

বেলভিউ কর্তাকে জেরা সিআইডি

এদিন বেলভিউতে গিয়ে সিইও প্রদীপ চ্যাটনকে জিজ্ঞাসাবাদ করেন সিআইডি অফিসাররা। কীভাবে এই ভুয়ো ডাক্তার বেলভিউয়ের মতো নার্সিংহোমে প্রাকটিস করে গিয়েছেন, তাও তার কাছে জানতে চাওয়া হয়।

বিদ্যান শিশু উদ্যান মাধ্যমিক ২০১৭ কৃতীদের জন্য শুভেচ্ছা প্রতি বছরের মতো এবারও প্রয়াস মক টেস্ট